



ঢাকার এস এস সি পরীক্ষার একটি কেন্দ্রে— —ইস্বেফাক

## এসএসসি পরীক্ষা শুরু ॥ প্রায় ২ শত বহিষ্কৃত

(ইস্বেফাক রিপোর্টার)  
এস. এস. সি. পরীক্ষার প্রথম  
দিনে গতকাল (বৃহস্পতিবার)  
সারাদেশে প্রায় দুইশত পরী-  
ক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের  
দায়ে বহিষ্কার করা হইয়াছে।

ঢাকা মহানগরীর ৩৫টি কেন্দ্রে  
কোন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়  
নাই বলিয়া বোর্ডের পরীক্ষা  
নিয়ন্ত্রণ দফতরস্বত্রে জানানো হয়

৪টি শিক্ষা বোর্ডের অধীনে  
২ লক্ষ ৭০ হাজার পরীক্ষার্থী  
গতকাল বাংলা বিষয়ের পরীক্ষার  
অংশগ্রহণ করে। বিভিন্ন কেন্দ্রে  
পরীক্ষার্থীদের নকল করার কাজে  
সহায়তা করার অভিযোগে ১১  
জন পরিদর্শককেও বহিষ্কার করা  
হয় এবং ১৪৪ ধারা ভঙ্গ করিয়া  
নকল সরবরাহের চেষ্টা করার  
সময় ১১ ব্যক্তি গ্রেফতার হয়।

নগরীর পরীক্ষা কেন্দ্রগুলিতে  
গতকাল সকাল সাড়ে ৮টা হইতে  
পরীক্ষার্থীরা গমন করতে শুরু  
করে। এ সুযোগে রিক্সাওয়ালারা  
২/৩ টাকার স্থলে ৫/৬ টাকা  
পর্ষত ভাড়া আদায় করিয়াছে।

(৮ম পৃঃ ৪-এর কঃ ৫ঃ)

### এসএসসি পরীক্ষা শুরু

(১ম পৃঃ পর)

পরীক্ষা কেন্দ্রের অনতিদূরে উৎসুক  
অনেক অভিভাবককে অপেক্ষা  
করিতে দেখা যায়।

বিভিন্ন বয়সের অনেকে অনিয়-  
মিত পরীক্ষার্থী হিসাবে এবারের  
এস. এস. সি. পরীক্ষার অবতীর্ণ  
হইয়াছে। টাঙ্গাইলের মিসেস  
বেলাতুন নাহার নামে এক  
প্রৌঢ়া মহিলা পরীক্ষা দিতেছেন  
আজিমপুর উচ্চ বালিকা বিদ্যা-  
লয়ের তেঁতলায় বসিয়া।

আজিমপুর উচ্চ বালিকা বিদ্যা-  
লয়ে ১০টি স্থলের ৪৯৬ জন  
পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ  
করিতেছে। এই উপকেন্দ্রে পরী-  
ক্ষার প্রথমদিনে ৩জন নিয়মিত  
পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

নারায়ণগঞ্জে ৫টি সাবসেন্টারে  
সর্বমোট ১৯৫৪ জন পরীক্ষার্থী  
পরীক্ষায় অংশ গ্রহণ করে। তন্মধ্যে  
১১৮৮ জন ছেলে ও ৭৬৬ জন  
মেয়ে। পরীক্ষার্থীদের মধ্যে গত-  
কাল (বৃহস্পতিবার) ২১ জন  
পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ  
করে নাই বলিয়া জানা গিয়াছে।  
প্রথমদিনের পরীক্ষা স্মৃষ্টভাবে  
সম্পন্ন হইয়াছে বলিয়া মহকুমা  
প্রশাসক জানান।